4

দৈনিক ইনকিলাব

তারিখ 27 SEP 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

## শিক্ষাঙ্গনে

### প্রসংগ ঃ ক্যাডেট কলেজ এবং মেধার অবমূল্যায়ন

এসএসসি পরীক্ষার খাতা দেখা সম্পর্কে বলছি। প্রতি বছর প্রত্যেক শিক্ষক যেখানে তিনশ' খাতা দেখতেন সেই শিক্ষককেই এবার ১৮-২৪শ' খাতা দেখতে হয়েছে। অথচ অন্যবার শিক্ষকরা যে সময় পেতেন, এবার তার চেয়ে তারা অনেক কম সময় পেয়েছেন। অন্যবারের চেয়ে এবার কাজ ছিল দ্বিগুণ। কেননা, শিক্ষকদের কম্পিউটার ফর্মে নম্বর শুদ্ধভাবে উঠাতে হয়েছে। আঠারশ' খাতা তাদের দেখতে হয়েছে মাত্র ২০ দিনে। ঠিকমত পড়ে ২০ দিনে কি কখনো কারো পক্ষে আঠারশ' খাতা দেখা সম্ভব? না পড়েও এত খাতায় ১৮/২০ দিনে নম্বর দেয়া সম্ভব নয়। তার পরে আবার শুদ্ধভাবে কম্পিউটার ফর্মে নম্বর উঠাতে হয়েছে। এখন তাড়াহুড়োর কারণে একজন শিক্ষক যদি ৪১ নম্বর লিখতে গিয়ে ১৪ লিখে, তাহলে ছাত্রটির পরিণতি কি হবে। এবং এমন অনেক ঘটনা যে ঘটেছে, তা কিন্তু বলার অপেক্ষা রাখে না। কিন্তু আমি এজন্য আমাদের শ্রদ্ধেয় শিক্ষকদের কখনোই দায়ী করবো না। কেননা, পরিস্থিতির কারণে তারা গড় মার্ক করতে বাধ্য হয়েছেন, খাতা পড়ে মার্ক দেবার সময়ও তারা পাননি। ফলে ভাগ্যের কোপানলে পতিত হতে হয়েছে আমাদের ক্যাডেটদের। শুধু আমিই নই, অনেক সম্ভাবনাময়ী স্কুলের ছাত্রদেরও এ পরিস্থিতির শিকার হতে হয়েছে। আমি চ্যালেঞ্জ করে বলতে পারি, আমার খাতা যদি আবার দেখা হয়, তাহলে আমি অবশ্যই মেধা তালিকায় উল্লেখযোগ্য স্থানে থাকবো।

—সৈয়দ আবু শোয়াইব, কুমিল্লা।